দৈনিক ইনকিলাব

79

তারিখ ... 01-JUL 1998 ...
পৃষ্ঠা ... কলাম ৬ ......

ডিপিসির সুপারিশ কার্যকর হচ্ছে না

# লাল ফিতায় বন্দী হয়ে পড়েছে শত শত স্কুলের শিক্ষা কার্যক্রম

**ইনকিলাব রিপোর্ট ঃ** শিক্ষা মন্ত্রণালয়ের বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশ থাকা সত্ত্বেও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিদ্যালয় ও পরিদর্শন শাখায় ৬টি শূন্য পদে পদোন্নতির বিষয়টি দীর্ঘদিন যাবত শিক্ষা মন্ত্রণালয়ে লাল ফিতায় বন্দী হয়ে রয়েছে। বিশেষ স্বার্থ উদ্ধারের কাজ সম্পন্ন না হওয়ায় উক্ত পদোন্নতির বিষয়টিকে ঝুলিয়ে রাখা হয়েছে বলে নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিদ্যালয় ও পরিদর্শন শাখার ২টি বিদ্যালয় পরিদর্শক, ৩টি বিদ্যালয় পরিদর্শিকা ও ১টি উপ-পরিচালকের পদ দীর্ঘদিন যাবত শূন্য পড়ে রয়েছে। উক্ত পদসমূহে পদোন্নতির মাধ্যমে পূরণ না করার ফলে শত শত সরকারী বেসরকারী মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক স্কুলের পরিদর্শন কাজ বন্ধ রয়েছে। বিঘ্নিত হচ্ছে শিক্ষা কার্যক্রম। বিদ্যালয়সমূহ নানা ধরনের অর্থনৈতিক সমস্যায় নিপতিত হচ্ছে। পাশাপাশি অভিজ্ঞতা ও জ্যেষ্ঠতা থাকা সত্ত্বেও পদোন্নতি থেকে বঞ্চিত হচ্ছেন ২ জন প্রধান শিক্ষক, ৩ জন প্রধান শিক্ষিকা ও ১ জন বিদ্যালয় পরিদর্শক।

লেখাপড়ার বৃহত্তর স্বার্থেই উল্লেখিত বিষয়টির দ্রুত নিষ্পত্তির জন্য শিক্ষা মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ জরুরী হয়ে পড়েছে।

উল্লেখ্য, বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি দীর্ঘদিন যাবত এ পদোন্নতি দাবী করে আসছে।